গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুক্তাগাছা, ময়মনসিংহ।
www.muktagachamymensingh.gov.bd

## ৩য় পর্যায় হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি/২০২১

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তাগাছা উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্নোক্ত ছক "ক" এ বর্ণিত হাট-বাজার সমূহ আরোপিত শর্তাধীন বাংলা ১৪২৮সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে অস্থায়ী ইজারা বন্দোবস্ত দেয়া হবে। ইজারা গ্রহণে ইচ্ছুক ইজারাদার/ব্যক্তি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত খামে নির্ধারিত ফরমে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নোক্ত ছক "ক" এ বর্ণিত তারিখ অনুযায়ী সিডিউল বিক্রয়, গ্রহণ ও খোলা হবে। উল্লেখ্য যে, ছক "ক" এর ২য় কলাম বর্ণিত পর্যায়ে/তারিখে চাহিদা মোতাবেক দরপত্র পাওয়া না গেলে পরবর্তী পর্যায়ে/তারিখে পর্যায়ক্রমে দরপত্র সিডিউল বিক্রয়, গ্রহণ ও খোলা হবে।

ছক "ক"

| বার/পর্যায় | দরপত্র বিক্রির শেষ তারিখ ( বিকাল-৪.০০ টা পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ (বিকাল-২.০০ টা পর্যন্ত) | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৩য় পর্যায় | ২১/০৩/২০২১খ্রি: | ২২/০৩/২০২১ খ্রি: | |
| ৪র্থ পর্যায় | ৩০/০৩/২০২১ খ্রি: | ৩১/০৩/২০২১ খ্রি: | |
| ৫ম পর্যায় | ০৭/০৪/২০২১ খ্রি: | ০৮/০৪/২০২১ খ্রি: | |

উল্লেখ্য যে, ৩য় বার/পর্যায় দরপত্র অনুষ্ঠানে যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হয় তবে ঐ হাট-বাজারটির নাম ৪র্থ বার/পর্যায়ে ছক "খ" বর্ণিত তালিকা হতে বাদ দেয়া হয়েছে মর্মে গণ্য করতে হবে, একইভাবে ৪র্থ বার/পর্যায় দরপত্র অনুষ্ঠানে যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হয় তবে ঐ হাট-বাজারটির নাম ৫ম বার/পর্যায়ে ছক"খ"এ বর্ণিত তালিকা হতে বাদ দেয়া হয়েছে মর্মে গণ্য করতে হবে ও ৫ম বার/পর্যায় দরপত্র অনুষ্ঠানে যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হয় তবে ঐ হাট-বাজারটির নাম ৬ষ্ট বার/পর্যায়ে ছক "খ" বর্ণিত তালিকা হতে বাদ দেয়া হয়েছে মর্মে গণ্য করতে হবে। ক্যালেন্ডার অনুযায়ী দরপত্রে নির্ধারিত সিডিউল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, মুক্তাগাছা, অফিসার ইনচার্জ, মুক্তাগাছা থানা, ম্যানেজার, সোনালী ব্যাংক, মুক্তাগাছা শাখা ও জেলা প্রশাসক, ময়মনসিংহ এর কার্যালয় হতে ধার্যকৃত অফেরৎ যোগ্য মূল্যে ছক "ক" এ বর্ণিত নির্ধারিত তারিখে বিক্রয় করা হবে এবং দরপত্র সমূহ নির্ধারিত তারিখ অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুক্তাগাছা, উপজেলা ভূমি অফিস, মুক্তাগাছা এবং জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল/সংগ্রহ করা যাবে। দরপত্র বাক্সে প্রাপ্ত দরপত্র সমূহ প্রতি বার/পর্যায়ে দরপত্র দাখিলের শেষ তারিখ বিকাল-৪.০০ ঘটিকায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র বিক্রয় বা গ্রহণ করা হবেনা। আগ্রহী ব্যক্তিগণ এতদ্সংক্রান্ত যে কোন তথ্য অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানতে পারবেন।

ছক "খ"

| ক্র: নং | হাট বাজারের নাম | হাট-বাজারের অবস্থান (ইউপির নাম) | ১৪২৮ সনের সরকারি ইজারা মূল্য (০৬% বৃদ্ধিসহ) | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | চেচুয়া বাজার | দুল্লা ইউপি | =২০,৫০,০০০/- | =৪,৮০০/- |
| ০২ | বাঘমারা বাজার | বড়গ্রাম ইউপি | =২৩,১০,০০০/- | =৫,২০০/- |
| ০৩ | পদুর বাড়ী বাজার | মানকোন ইউপি | =৭১,০০০/- | =৫০০/- |
| ০৪ | লেংড়ার বাজার (মানকোন অংশ) | মানকোন ইউপি | =১,৩০,০০০/- | =১,০০০/- |
| ০৫ | গাবতলী বাজার | ঘোগা ইউপি | =৪,৮৫,০০০/- | =১,৬০০/- |
| ০৬ | কালিবাড়ী বাজার | ঘোগা ইউপি | =৫,৮০,০০০/- | =১,৮০০/ |
| ০৭ | রসুলপুর বাজার | ঘোগা ইউপি | =৩,৮৫,০০০/- | =১,৪০০/- |
| ০৮ | বানার পাড় বাজার | ঘোগা ইউপি | =৮০০/- | =৫০০/- |
| ০৯ | কাঠবওলা বাজার | দাওগাও ইউপি | =৫৬,০০০/- | =৫০০/- |
| ১০ | খিলগাতি বাজার | খেরুয়াজানী ইউপি | =৬০০/- | =৫০০/- |
| ১১ | গড়বাজাইল বাজার | খেরুয়াজানী ইউপি | =৩,০০০/- | =৫০০/- |

হাট-বাজার ইজারা সংক্রান্ত বিষয়ে কোন কারণ ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ/বাতিল বা তৎসংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**শর্তাবলী :**

১। বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ হতে ১৪২৮ সনের ৩০ শে চৈত্র ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেয়া হবে ।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছার অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার পরিচ্ছন্ন

না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তাহা মেটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। যাহার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হবার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য ০৬% বৃদ্ধিসহ (সরকারি মূল্য) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। ২য় বার দরপত্র আহবান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ০৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (০৬% বৃদ্ধিসহ) হতে কম হয় তাহা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাংখিত ইজারা মূল্য না হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা। দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রয় করা যাবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করবেন।

১৪। কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/০৬/২১

(আব্দুল্লাহ আল মনসুর)
উপজেলা নির্বাহী অফিসার
মুক্তাগাছা, ময়মনসিংহ।
ফোন-০৯০২৮-৭৫২১২
FaX-০৯০২৮-৭৫১৭৭
Email-unomuktagacha@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৬১৬৫.০১৯.০১.০০৪.২১.১৮৩ /১(১২০)

২৬ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ।
তারিখ : ------------------------------
১১ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুক্তাগাছা, ময়মনসিংহ।

অনুলিপি অবগতি ও তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ। এতদ্সংগে .................টি সিডিউল মহোদয় বরাবরে প্রেরণ করা হলো। সিডিউল বিক্রয় করে নির্ধারিত তারিখে বিক্রয়লব্ধ অর্থ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ফেরৎ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো
০২। উপজেলা নির্বাহী অফিসার/সদর/ফুলবাড়ীয়া/ত্রিশাল/ভালুকা/গফরগাঁও/ঈশ্বরগঞ্জ/গৌরীপুর/নান্দাইল/তারাকান্দা/ফুলপুর/হালুয়াঘাট/ধোবাউড়া/ময়মনসিংহ।
০৩। সহকারী কমিশনার (ভূমি), মুক্তাগাছা, ময়মনসিংহ।
০৪। অফিসার ইন চার্জ, মুক্তাগাছা থানা।
০৫। ম্যানেজার, সোনালী ব্যাংক, মুক্তাগাছা শাখা।

এতদ্সংগে...................................টি সিডিউল প্রেরণ করা হলো। সিডিউল বিক্রয় করে নির্ধারিত তারিখে বিক্রয়লব্ধ অর্থ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ফেরৎ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৬। চেয়ারম্যান.....................................ইউপি (সকল), মুক্তাগাছা, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট হাট বাজারে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৭। ইউনিয়ন সহকারী ভূমি কর্মকর্তা................................ইউনিয়ন ভূমি অফিস, মুক্তাগাছা। বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট হাট বাজার ও জনবহুল এলাকায় মাইকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৮। সম্পাদক...................................................প্রত্রিকা, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি ৮ ইঞ্চি বাই ৬ ইঞ্চি আকারে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৯। ইজারাদার...................................................................বাজার, মুক্তাগাছা, ময়মনসিংহ।

১১/০৩/২১

উপজেলা নির্বাহী অফিসার
মুক্তাগাছা, ময়মনসিংহ।